

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
আইসিটি বাস্তবায়ন-২ শাখা
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd



নম্বর: ১৪.৩০.০০০০.৩৩৬.১৩.০০২.২৩.৪৬

তারিখ: ৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জনাব মো: মোজাফফর রহমান, মনিটর (প্রজ্ঞাপন নং-২৬৯ অনুযায়ী ক্রমিক নং-৩৮১২), টেলিযোগাযোগ অধিদপ্তর এর জন্ম তারিখঃ ০১/০৩/১৯৬৬ অনুসারে ২৮/০২/২০২৫ তারিখে তার বয়স ৫৯ (উনষাট) বৎসর পূর্ণ হবে। সংশ্লিষ্ট কর্মচারীর অবসর ও অবসর-উত্তর ছুটির আবেদনের প্রেক্ষিতে এবং সরকারী চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩ (১) (ক) অনুচ্ছেদ মোতাবেক তাকে ৫৯ (উনষাট) বৎসর বয়স পূর্তিতে ২৮/০২/২০২৫ খ্রিঃ তারিখে সরকারী চাকুরী হতে অবসর প্রদান করা হলো।

২। উক্ত কর্মচারীকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৭ অনুচ্ছেদ এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের এসআরও নং-৩৬৯-আইন/২০১৫ এর ১০(২)(ক) নং অনুচ্ছেদ মোতাবেক পাওনা উদ্বৃত্ত ছুটির বিনিময়ে ০১/০৩/২০২৫ খ্রিঃ হতে ২৮/০২/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (PRL) মঞ্জুর করা হলো। তিনি অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের একই এসআরও এর ১০(২)(খ) নং অনুচ্ছেদ মোতাবেক উদ্বৃত্ত ছুটির বিনিময়ে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন থোক (Lump Grant) সুবিধা প্রাপ্য হবেন।

৩। বর্ণিত কর্মচারী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সময়ে বিধি মোতাবেক প্রযোজ্য সকল সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৯-০১-২০২৫

মোঃ আখলাকুল আউয়াল ভূঁইয়া
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

+৮৮০-২-৯৮৩০৪০০

dir.admin@telecomdept.gov.bd

নম্বর: ১৪.৩০.০০০০.৩৩৬.১৩.০০২.২৩.৪৬/১ (৬)

তারিখ: ৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, ইউএসওএফ ব্যবস্থাপনা ও টেলিকম নিরাপত্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর।
- ২। পরিচালক, অর্থ অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর।
- ৩। উপপরিচালক, নিয়োগ অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তার ও দুরালাপনী, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
- ৫। সহকারী পরিচালক (হিসাব), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ৬। জনাব মো: মোজাফফর রহমান, মনিটর, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।



২০-০১-২০২৫

মোঃ নুরুল ইসলাম
সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)